

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ দু'গ্রুপের সংঘর্ষ : আহত ৮

কুমিল্লা ব্যুরো

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সংঘর্ষে দু'জন গণিবিক্ষসহ উভয়পক্ষের অসুস্থ ৮ জন আহত হয়েছেন। শুক্রবার রাত ১০টার দিকে এ সংঘর্ষের সূত্রপাত হয় এবং তা চলে রাত ১২টা পর্যন্ত। দু'দফায় দফায় সংঘর্ষ, ধাওয়াপাড়া-ধাওয়া ও গণিবিক্ষের ঘটনায় পুরো কুবি ক্যাম্পাসসহ আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানান, কুবির কাজী নজরুল ইসলাম হল ও শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের পার্শ্ববর্তী সড়কের ইউনিক মোড়ে এ সংঘর্ষের ঘটনা ঘটে। রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের যুগ ফটকে সভাপতি সমর্থিত ছাত্রলীগ কর্মী তানভীর হোসেনের সঙ্গে সাধারণ সম্পাদক সমর্থিত কর্মী শাইজাহান প্রিন্সের ব্যকবিতণ্ডা হয়। পরে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি নাজমুল হাসান আলিফ নিয়ন্ত্রিত কাজী নজরুল ইসলাম হলের নেতাকর্মীদের সঙ্গে সাধারণ সম্পাদক রেজা-ই-এলাহী নিয়ন্ত্রিত বসবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের নেতাকর্মীদের সংঘর্ষ বাধে। সংঘর্ষে বেশ কয়েক রাউন্ড গুলি ও ইট-পাটকেল নিষ্ক্ষেপের ঘটনা ঘটে। এতে উভয়পক্ষের দু'জন গণিবিক্ষ হওয়াসহ ৮ নেতাকর্মী আহত হন। মারাত্মক আহতরা হচ্ছেন সভাপতি সমর্থিত ছাত্রলীগ কর্মী তানভীর হোসেন, মেজবাহ ও সাধারণ সম্পাদক সমর্থিত যুগ সাধারণ সম্পাদক পোহেল রানা, মাসুদুর রহমান, তানভীর আহমেদ ও এ কে আজাদ। এদের মধ্যে এ কে আজাদ পায়ে ও মেজবাহ হাতে গণিবিক্ষ হয়েছেন। অন্যরা ইট-পাটকেলের আঘাতে আহত।